## উপজেলা আইসিটি কমিটির জুলাই ২০১৬ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ শারমিন আক্তার জাহান
উপজেলা নির্বাহী অফিসার
নলডাঙ্গা,নাটোর

স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নলডাঙ্গা,নাটোর

তারিখ ঃ ৭/৮/২০১৬ খ্রিঃ সময় ঃ সকাল ১১.০০ টা

উপস্থিত সদস্য-পরিশিষ্ট ''ক''

সভাপতি মহোদয় উপস্থিত ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয় ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের দৃষ্টি আকর্ষন পূর্বক জানান যে, প্রতি মাসে উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠিত হবে। নির্ধারিত তারিখে সভায় মহিলা উদ্যোক্তা সহ সকল উদ্যোক্তাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। অতঃপর বিভিন্ন ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ ইউনিয়ন ডিজিটাল সেন্টারের বিভিন্ন সমস্যাসমূহ সভায় উপস্থাপন করেন।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ইউনিয়ন ডিজিটাল সেন্টারের প্রতিদিনের তথ্য ও আয় সংক্রান্ত তথ্য আপলোড করা, ইউনিয়ন ডিজিটাল সেন্টারে আগতদের যথাযথ সেবা প্রদান এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের বিভিন্ন যন্ত্রপাতি সংরক্ষণ করা | সভাপতি ইউনিয়ন ডিজিটাল সেন্টারের প্রতিদিনের তথ্য ও আয় নিয়মিতভাবে আপলোড করা হচ্ছে কি-না জানতে চাইলে উপস্থিত উদ্যোক্তাগণ জানান যে, প্রতিদিনের তথ্য নিয়মিতভাবে আপলোডে করা হচ্ছে। ইউনিয়ন ডিজিটাল সেন্টারে আগতদের কম খরচে সেবা প্রদান করা হচ্ছে এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের বিভিন্ন যন্ত্রপাতি যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় জানান যে,ইউনিয়ন ডিজিটাল সেন্টারে আগত সেবাগ্রহণকারীদের কোন রকম হয়রানি না করে তাদের চাহিত সেবা যথাযথভাবে প্রদান করতে হবে। কম খরচে সেবা প্রদানের বিষয়ে প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে যাতে সেবা গ্রহণকারীগণ অন্য কোথাও সেবা গ্রহণের জন্য না যায়। | (১) ইউনিয়ন ডিজিটাল সেন্টারের প্রতিদিনের আয়-ব্যয় নিয়মিতভাবে আপলোড় করতে হবে। কম খরচে সেবা প্রদানের বিষয়ে প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে। ইউনিয়ন পরিষদের সচিব ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম নিয়মিতভাবে মনিটরিং করবেন। | ১। উদ্যোক্তা, সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার এবং সকল ইউনিয়ন পরিষদের সচিব। |
| নব গঠিত নলডাঙ্গা উপজেলা ডিজিটাল সেন্টার | নলডাঙ্গা উপজেলা ডিজিটাল সেন্টারঃ-<br>নলডাঙ্গা উপজেলা ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা জানান যে, নলডাঙ্গা উপজেলা ডিজিটাল সেন্টারের স্বাভাবিকভাবে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। | জনগণ কে কম খরচে সেবা প্রদানের বিষয়ে প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে। উদ্যোক্তাকে অনুরোধ করা হলো। | উদ্যোক্তা নলডাঙ্গা উপজেলা ডিজিটাল সেন্টার। |

| | | | |
|---|---|---|---|
| ইউনিয়ন ওয়েব পোর্টালে সকল তথ্য আপলোড এবং সকল লিংক সমূহ কার্যকর করা | (১) ***ব্রহ্মপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার*** ঃ উদ্যোক্তা,ব্রহ্মপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার জানান যে, ব্রহ্মপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম স্বাভাবিক। ইউনিয়ন পোর্টালে প্রায় সকল তথ্য সংযোজন করা হয়েছে।<br>(২) ***মাধনগর ইউনিয়ন ডিজিটাল সেন্টার*** ঃ উদ্যোক্তা,মাধনগর ইউনিয়ন ডিজিটাল সেন্টার জানান যে, মাধনগর ইউনিয়ন ডিজিটাল সেন্টারের স্বাভাবিকভাবে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।<br>(৩) ***খাজুরা ইউনিয়ন ডিজিটাল সেন্টার*** ঃ উদ্যোক্তা,খাজুরা ইউনিয়ন ডিজিটাল সেন্টার জানান যে, খাজুরা ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম স্বাভাবিক। ইউনিয়ন পোর্টালে প্রায় সকল তথ্য সংযোজন করা হয়েছে।<br>(৪) ***পিপরুল ইউনিয়ন ডিজিটাল সেন্টার*** ঃ উদ্যোক্তা,খাজুরা ইউনিয়ন ডিজিটাল সেন্টার সভায় জানান যে, খাজুরা ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। ইউনিয়ন ডিজিটাল সেন্টারে আগতদের প্রয়োজনীয় সেবা প্রদান করা হচ্ছে।<br>(৪) ***বিপ্রবেলঘরিয়া ইউনিয়ন ডিজিটাল সেন্টার*** ঃ উদ্যোক্তা, বিপ্রবেলঘরিয়া ইউনিয়ন ডিজিটাল সেন্টার জানান যে, বিপ্রবেলঘরিয়া ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ইউনিয়ন ডিজিটাল সেন্টারে আগতদের প্রয়োজনীয় সেবা প্রদান করা হচ্ছে। | (১) ইউনিয়ন ডিজিটাল সেন্টারের প্রতিদিনের আয়-ব্যয় নিয়মিতভাবে আপলোড করতে হবে। (২) ব্রহ্মপুর,মাধনগর,খাজুরা, এবং বিপ্রবেলঘরিয়া ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উল্লিখিত সমস্যা সমাধানের বিষয়ে সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যান সভাপতি মহোদয়ের সাথে আলোচনা করে পর্যায়ক্রমে সমস্যা সমাধানের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | সকল ইউ,পি চেয়ারম্যান। |
| ইউনিয়ন ডিজিটাল সেন্টারের জন্য কম্পিউটার, ক্যামেরা ও প্রজেক্টর প্রসঙ্গে। | ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা ব্রহ্মপুর, মাধনগর, বিপ্রবেলঘরিয়া, পিপুরুল, খাজুরা জানান যে, অতিরিক্ত আরো ১টি করে ডেক্সটপ কম্পিউটার, ১টি ক্যামেরা, ও ১টি প্রজেক্টর সকল ইউনিয়নে প্রয়োজন । | প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টারের ১টি করে ডেক্সটপ কম্পিউটার, ১টি ক্যামেরা ও ১টি প্রজেক্টর সকল ইউনিয়নে প্রয়োজন ।। | ইউ.পি.চেয়ারম্যান কে এ বিষয়টি নিস্পত্তির জন্য সিদ্ধান্ত গ্রহন করতে অনুরোধ করা হলো। |
| উপজেলা এবং ইউনিয়ন ওয়েব পোর্টালের লিংকসমূহ কার্যকর করা ও প্রতিদিনের তথ্য প্রতিদিন আপলোড করা প্রসঙ্গে। | আলোচনাকালে সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা এবং ইউনিয়ন সমূহের পোর্টালের কার্যক্রমে কিছু অসুম্পূর্ণতা পরিলক্ষিত হচ্ছে। জরুরী ভিত্তিতে উক্ত অসম্পূর্ণতা দূরীকরণ সহ পোর্টালে সকল তথ্য আপলোড এবং পোর্টালের সকল লিংক শতভাগ কার্যকর করতে হবে। | উপজেলা এবং ইউনিয়ন ইউনিয়ন ডিজিটাল সেন্টারের প্রতিদিনের আয়-ব্যয় নিয়মিতভাবে আপলোড করতে হবে এবং ওয়েব পোর্টালের সকল লিংক কার্যকর করা এবং তথ্য যাচাই করে বিভিন্ন তথ্য আপলোড নিশ্চিত করার জন্য সকল উদ্যোক্তাকে অনুরোধ করা হলো। | উদ্যোক্তা, সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৭/৮/১৬
(শারমিন আক্তার জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
নলডাঙ্গা,নাটোর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নলডাঙ্গা,নাটোর
naldanga.natore.gov.bd

স্মারক নং -০৫.৪৩.০০০০.০০০. ১১.০২৮.১৪- ৭৬২ তারিখ ঃ ৭/৮/২০১৬ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১। জেলা প্রশাসক,নাটোর।
২। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,নলডাঙ্গা,নাটোর।
৩। উপজেলা----------------------------------অফিসার,নলডাঙ্গা,নাটোর।
৪। চেয়ারম্যান,ব্রক্ষপুর/মাধনগর/খাজুরা/পিপরুল/বিপ্রবেলঘড়িয়া ইউ,পি,নলডাঙ্গা,নাটের।
৫। সচিব,ব্রক্ষপুর/মাধনগর/খাজুরা/পিপরুল/বিপ্রবেলঘড়িয়া ইউ,পি,নলডাঙ্গা,নাটের।
৬। উদ্যোক্তা নলডাঙ্গা উপজেলা ডিজিটাল সেন্টার, নলডাঙ্গা,নাটের।
৭। উদ্যোক্তা,ব্রক্ষপুর/মাধনগর/খাজুরা/পিপরুল/বিপ্রবেলঘড়িয়া ইউনিয়ন ডিজিটাল সেন্টার,নলডাঙ্গা,নাটের।

৭/৮/১৬
(শারমিন আক্তার জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
নলডাঙ্গা,নাটোর
৭/৮/১৬